

**পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট পাওয়ার জন্য প্রয়োজনীয় তথ্যাবলী :-**

ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর আওতাধীন ঢাকা মেট্রোপলিটন এলাকার অভ্যন্তরে অবস্থানরত নাগরিকগণকে পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট পাওয়ার জন্য নিম্নলিখিত কাগজপত্র সহ ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা এর পুলিশ ক্রিয়ারেস ওয়ান স্টপ সার্ভিস, রুম নং-১০৯ এ আবেদন পত্র দাখিল করতে হবে।

- ১। পুলিশ কমিশনার মহোদয়ের বরাবরে আবেদন পত্র। (সাদা কাগজে)
- ২। পাসপোর্টের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে)।
- ৩। বাংলাদেশ ব্যাংক সোনালী ব্যাংকের যে কোন শাখায় ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ট্রেজারী চালান। চালানের কোড নম্বর (১-২২০১-০০০১-২৬৮১)।
- ৪। পাসপোর্টের উল্লেখিত স্থায়ী কিংবা অস্থায়ী ঠিকানার যে কোন একটি অবশ্যই ঢাকা মেট্রোপলিটন এলাকার অভ্যন্তরে এবং অবশ্যই ঐ ঠিকানায় বসবাস করতে হবে।
- ৫। যাহারা বিদেশে অবস্থান করছেন তাদের পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট পাওয়ার জন্য যে দেশে অবস্থান করছেন সে দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক পাসপোর্টের ফটোকপি সত্যায়িত করে তার পক্ষে আত্মীয়/অনুমোদিত ব্যক্তি আবেদন পত্র দাখিল করতে পারবেন।
- ৬। মেশিন রিডেবল পাসপোর্টের (এম আর পি) ক্ষেত্রে যদি পাসপোর্টে ঠিকানা উল্লেখ না থাকে তবে ঠিকানার প্রমাণ স্বরূপ জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র/স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৭। শুধুমাত্র “স্পেন” সংক্রান্ত পুলিশ ক্রিয়ারেস পাওয়ার জন্য প্রার্থীকে তার আবেদনপত্রে উপরে উল্লেখিত কাগজপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে “সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের” বরাবর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরাগমন শাখা-০৩ এ দাখিল করতে হবে।
- ৮। আবেদনপত্র জমা দেওয়ার পর অত্র অফিস হতে প্রাথমিকভাবে সিরিয়াল নম্বরসহ একটি টোকেন প্রদান করা হবে, উহাতে পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট প্রদানের তারিখ উল্লেখ থাকবে। সার্টিফিকেট গ্রহণের দিন উক্ত টোকেন জমা দিতে হবে।
- ৯। আবেদনপত্র জমা দেওয়ার ০৭ (সাত) দিন পর অত্র অফিস হতে পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট প্রদান করা হবে।
- ১০। বাংলাদেশে বসবাস/কর্মরত বিদেশী নাগরিক/বিদেশী পাসপোর্টধারী ব্যক্তিগণ উপরোক্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ নিজে অথবা অনুমোদিত ব্যক্তি দ্বারা আবেদন পত্র দাখিল করে পুলিশ ক্রিয়ারেস সংগ্রহ করতে পারবেন।
- ১১। যে সকল প্রার্থী কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট পেতে ইচ্ছুক, তাদেরকে ২০ (বিশ) টাকা সার্ভিস চার্জ প্রদান সাপেক্ষে বাসায় পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট পৌছে দেয়া হবে।

পাসপোর্টে উল্লেখিত ঠিকানা যদি ঢাকা মেট্রোপলিটন এলাকার বাহিরে হয় তবে ঠিকানাটি যে জেলার অন্তর্গত সেই জেলার বিশেষ পুলিশ সুপার বরাবর উপরে উল্লেখিত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র বাংলা/ইংরেজি ভাষায় করতে হবে। সকল পুলিশ ক্রিয়ারেস সার্টিফিকেট ইংরেজিতে হবে এবং পররাষ্ট্র মন্ত্রণালয় হতে সত্যায়িত করে দেয়া হবে।

**আবেদনের নমুনা পরবর্তী পৃষ্ঠায় দেয়া**

বরাবর

পুলিশ কমিশনার  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ  
ঢাকা।

**বিষয় :** পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদন।

জনাব

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে আবেদন করিতেছি যে, আমি/আমার  
..... এর বিদেশ যাওয়া/স্থায়ীভাবে বসবাস  
করার..... জন্য পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেটের প্রয়োজন। আমি/আমার  
..... এর পাসপোর্ট অনুযায়ী বৃত্তান্ত নিম্নরূপ:-

নাম.....

পিতা/স্বামী.....

ঠিকানা.....

পাসপোর্টের নম্বর..... ইস্যুর তারিখ.....

মেয়াদ উত্তীর্ণের তারিখ..... স্থান.....।

অতএব, মহোদয়ের নিকট আবেদন এই যে, আমি যাতে পুলিশ ক্লিয়ারেন্স পেতে পারি তার প্রয়োজনীয় ব্যবস্থা করতে মর্জি  
হয়।

তারিখ-

বিনীত নিবেদক

.....  
( )

ঠিকানা:-

সংযুক্ত:

১। পাসপোর্টের ফটোকপি (সত্যায়িত)।

২। ব্যাংক চালানের মূলকপি।

ফোন নং.....

**পাদটীকা :-**

১. পাসপোর্টে যে সকল পৃষ্ঠায় প্রার্থী সংক্রান্ত তথ্য রয়েছে সেই সকল পৃষ্ঠা এবং যদি নবায়ন করা হয়ে থাকে তবে, নবায়নের পৃষ্ঠাসহ পাসপোর্টের ফটোকপি দাখিল করতে হবে। মেয়াদ উত্তীর্ণ পাসপোর্ট গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে।
২. ব্যাংক চালানের কোড নম্বর (১-২২০১-০০০১-২৬৮১) এর ঘরে কোন প্রকার কাটাকাটি /ফুইড ব্যবহার করা যাবে না এবং সঠিক ভাবে ব্যাংক কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল থাকতে হবে।
৩. যদি পাসপোর্টে উল্লিখিত স্থায়ী/বর্তমান ঠিকানা অথবা “থানা এলাকার” পরিবর্তন হয় তবে নিকটস্থ পাসপোর্ট কর্তৃপক্ষের নিকট হতে ঠিকানা সংশোধন করে পাসপোর্টের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৪. প্রার্থীর দাখিলকৃত জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন/স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্র এর ঠিকানার সাথে প্রার্থীর বর্তমান বসবাসের ঠিকানার মিল থাকতে হবে।

**প্রয়োজনে যোগাযোগ করণ :-**

০১১৯১০০৬৬৪৪, ০২-৭১২৪০০০-৪৯ বর্ধিত-২৬৩৫, ৯৯৯-২৬৩৫।